# জেলা ব্র্যান্ডিং- বগুড়া

উপস্থাপনায়-
জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া

# মহাস্থানগড় ও সুস্বাদু দই এর ঐতিহ্যে বগুড়া

দক্ষিণ এশিয়ার সাংস্কৃতিক রাজধানী

স্বাগতম, সমৃদ্ধ এই বগুড়ায়

# জেলা ব্র্যান্ডিং কী?

জেলা ব্র্যান্ডিং হলো বাংলাদেশের প্রতিটি জেলার স্বাতন্ত্র্য এবং সম্ভাবনাকে বিকশিত করার লক্ষ্যে বর্তমান সরকারের গৃহীত একটি উদ্যোগ যেটি রূপকল্প ২০২১ এবং রূপকল্প ২০৪১ বাস্তবায়নের একটি অংশ। এটি মন্ত্রিপরিষদ বিভাগের তত্ত্বাবধানে এটুআই প্রোগ্রামের আওতাধীন একটি প্রকল্প।

# জেলা ব্র্যান্ডিং এর ধরণঃ

তিন ধরণের ব্র্যান্ডিং এর উদ্যোগ নেয়া হয়েছে-

- পর্যটন ব্র্যান্ডিং- পর্যটক আকর্ষণের উপর ভিত্তি করে
- পণ্য ব্র্যান্ডিং- জেলার উল্লেখযোগ্য পণ্যকে কেন্দ্র করে
- উদ্যোগ ব্র্যান্ডিং- কোনো জেলার জনহিতকর কোনো উদ্যোগকে ব্র্যান্ডিং

# জেলা ব্র্যান্ডিং এর বিবেচ্য বিষয়সমূহঃ

- জেলার উল্লেখযোগ্য পণ্য
- ভৌগোলিক অবস্থানের কারণে জেলার বর্তমান সুবিধা ও ভবিষ্যৎ সম্ভাবনা
- জেলার অধিবাসীদের বিশেষ দক্ষতা
- উল্লেখযোগ্য পর্যটক- আকর্ষণসমূহ ও ভবিষ্যৎ সম্ভাবনা
- জন-কল্যাণের জন্য গৃহীত বিভিন্ন উদ্যোগ
- বিশেষ সাংস্কৃতিক, নৃতাত্ত্বিক, লোকজ ঐতিহ্য
- প্রসিদ্ধ খাবারসমূহ
- জেলার উল্লেখযোগ্য উদ্ভাবন- বিজ্ঞান, প্রযুক্তি, কৃষি, শিক্ষা, নাগরিক সেবা ইত্যাদি ক্ষেত্রে

# জেলা ব্র্যান্ডিং এর ফেসবুক পেইজ

লিংকঃ [https://www.facebook.com/groups/districtbrandingbangladesh/](https://www.facebook.com/groups/districtbrandingbangladesh/)



# বগুড়া জেলা

- প্রশাসনিক নাম- বগুড়া
- প্রাচীন নাম- বরেন্দ্রভূমি ও পুণ্ড্রবর্ধন
- ভৌগোলিক অবস্থানঃ ৮৮.৫০ডিগ্রী পূর্ব থেকে ৮৮.৯৫ ডিগ্রী পূর্ব দ্রাঘিমাংশ এবং ২৪.৩২ ডিগ্রী উত্তর থেকে ২৫.০৭ ডিগ্রী উত্তর অক্ষাংশ
- সীমানা- উত্তরে গাইবান্ধা ও জয়পুরহাট, দক্ষিণে সিরাজগঞ্জ ও নাটোর, পূর্বে জামালপুর ও যমুনা নদী এবং পশ্চিমে নওগাঁ জেলা

# বগুড়া জেলা


উত্তর
পূর্ব
গাইবান্ধা
জয়পুরহাট
শিবগঞ্জ
সোনাতলা
দুপচাঁচিয়া
বগুড়া সদর
গাবতলী
সারিয়াকান্দি
জামালপুর
আদমদীঘি
কাহালু
শাজাহানপুর
নওগাঁ
ধুনট
নন্দীগ্রাম
দক্ষিণ
সিরাজগঞ্জ
শেরপুর
পশ্চিম
নাটোর

# বগুড়া জেলা

**জেলার উল্লেখযোগ্য পাঁচটি পণ্যঃ**

- ঐতিহ্যবাহী দই
- সারিয়াকান্দি উপজেলার লাল মরিচ
- মহাস্থানের কটকটি
- আঠালো আলু
- কৃষি যন্ত্রপাতি

# বগুড়ার দই





# বগুড়া জেলা

- উত্তরবঙ্গের ১৬ টি জেলায় যোগাযোগের একমাত্র হাইওয়ে বগুড়ার উপর দিয়ে যাওয়ায় এটি ভৌগোলিক ভাবে গুরুত্বপূর্ণ।

- বগুড়ার আদমদিঘী উপজেলায় স্থানীয়ভাবে তৈরী যন্ত্রের সাহায্যে সুতা দিয়ে কম্বল তৈরী করা হচ্ছে।

# বগুড়া জেলা

**জেলার উল্লেখযোগ্য পর্যটন আকর্ষণসমূহ-**

- মহাস্থানগড়- বাংলাদেশের অন্যতম একটি প্রাচীন পর্যটন কেন্দ্র ও দক্ষিণ এশিয়ার সাংস্কৃতিক রাজধানী মহাস্থানগড়।
- শীলাদেবীর ঘাট
- মহাস্থানগড় জাদুঘর
- শহীদ চান্দু স্টেডিয়াম
- খেরুয়া মসজিদ
- শাহ সুলতান মাহমুদ বলখী (রঃ) এর মাজার
- জিয়ৎ কুণ্ড
- গোকুল মেধ
- ভাসু বিহার

# বগুড়ার পর্যটন আকর্ষণসমূহ








# বগুড়া জেলা

**পর্যটকদের ভ্রমণে আগ্রহী করার জন্য উন্নত আবাসিক হোটেল/ মোটেলসমূহঃ**

- হোটেল নাজ গার্ডেন (৪ তারকা)
- হোটেল মম ইন (৪ তারকা)
- হোটেল সিয়েস্তা (৩ তারকা)
- নর্থওয়ে মোটেল (৩ তারকা)
- পর্যটন মোটেল
- সেফওয়ে হোটেল এন্ড রিসোর্ট
- রেড চিলিজ রেস্টুরেন্ট এন্ড গেস্ট হাউজ ইত্যাদি

# বগুড়া জেলা

**জেলার সাংস্কৃতিক ঐতিহ্যঃ**

- **পোড়াদহ মেলাঃ** এটি বগুড়া জেলার একটি ঐতিহ্যবাহী মেলা।বগুড়া থেকে ১১ কিলোমিটার পূর্বদিকে ইছামতী নদীর তীরে প্রতিবছর মাঘ মাসের শেষের দিকে হিন্দু সম্প্রদায় এই মেলার আয়োজন করে। মেলায় হরেক প্রজাতির বড় বড় মাছ পাওয়া যায়।
- **কেল্লাপোষী মেলাঃ** বগুড়ার শেরপুর উপজেলায় প্রতি বছর জ্যৈষ্ঠ মাসের দ্বিতীয় রবিবার এই মেলা বসে। এই মেলার ইতিহাস ৪৫৭ বছরের পুরোনো।

# বগুড়ার ঐতিহ্যবাহী মেলাঃ










# বগুড়া জেলা

**জেলার উল্লেখযোগ্য উদ্ভাবনঃ**

বগুড়ার বিসিক, গোহাইল রোড, স্টেশন রোড, রেলওয়ে মার্কেট, সান্তাহারসহ বিভিন্ন এলাকায় কৃষি যন্ত্রাংশ তৈরীর বিভিন্ন কারখানা রয়েছে। দেশের মোট চাহিদার ৮০ শতাংশ কৃষি যন্ত্রাংশ বগুড়ায় তৈরী হচ্ছে। ধান কাটার মেশিন, বীজ ছিটানোর মেশিন, নিড়ানী যন্ত্র, ধান মাড়াই যন্ত্র, শ্যালো পাম্প ইত্যাদি খুব স্বল্প খরচে তৈরী করে বাজারজাত করা হচ্ছে, যা কৃষি উন্নয়নে গুরুত্বপূর্ণ ভুমিকা রাখছে।

# বগুড়া জেলায় তৈরীকৃত কৃষি যন্ত্রপাতি





# বগুড়া জেলা

**জেলা ব্র্যান্ডিং এর প্রতিকূলতাসমূহঃ**

- ভালো যানবাহনের অভাব ও অপ্রশস্ত রাস্তাঘাট
- পর্যাপ্ত নিরাপত্তা ব্যবস্থার অভাব
- অপ্রতুল পর্যটন পুলিশ
- পর্যটন তথ্যের অপ্রতুলতা
- পরিবেশ দূষণ ও নদী ভরাট
- বর্জ্য ব্যবস্থাপনার অভাব
- মহাস্থানসহ অন্যান্য প্রত্নতাত্ত্বিক এলাকায় ক্রমাগত অবৈধভাবে ভূমি দখলের অপচেষ্টা
- পর্যটন স্থানসমূহের সঠিক রক্ষণাবেক্ষণ ও সংরক্ষণের অভাব
- দক্ষ টুরিস্ট গাইডের অভাব

# বগুড়া জেলা

**জেলা ব্র্যান্ডিং এর সম্ভাবনাময় ক্ষেত্রসমূহঃ**

- বিমানবন্দর স্থাপন
- বুদ্ধিস্ট ট্যুরিজম
- দই কেন্দ্রিক খাদ্য শিল্পের বিকাশ
- ক্ষুদ্র শিল্পের (বুটিক) বিকাশ
- পর্যটক গাইড ব্যবসা
- পিকনিক স্পটের উন্নয়ন
- আন্তর্জাতিক মানের হোটেল ও মোটেল ব্যবসা

# বগুড়া জেলা

## বগুড়া জেলা ব্র্যান্ডিং এর লোগোঃ

দক্ষিণ এশিয়ার সাংস্কৃতিক রাজধানী বগুড়া

# স্বাগতম, সমৃদ্ধ এই বগুড়ায়